# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/১০৪৮ তারিখ: ২৮/০৮/২০২৩

বিষয় : **২০২৩ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে উপর্যুক্ত বিষয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালার ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী পরীক্ষার্থীর নূন্যতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর সবোর্চ্চ ১৭ বছর; তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।

৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। **কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না;**

৪। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF JSC-তে ক্লিক করলে Payable Fees of JSC 2023 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Students দিয়ে Print Sonali Seba-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না)।

ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে।

৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)=৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারন করা হয়েছে। উক্ত ৬০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ২৪ (চব্বিশ) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৬। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চুড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন;

৭। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : ০১/০৯/২০২৩ থেকে ৩০/১১/২০২৩ তারিখ পর্যন্ত।

**জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপ :**

| রেজিস্ট্রেশন ফি (টাকায়) | রেডক্রিসেন্ট ফি (টাকায়) | মোট জরিমানা ছাড়া (টাকায়) |
|---|---|---|
| ৫০/- | ২৪/- | ৭৪/- |

৮। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;

৯। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (সে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে।

১০। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী অথবা প্রাথমিক সমাপনি পরীক্ষা পাসের সনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;

(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;

(গ) শিক্ষার্থীর নামের পূর্বে জনাব/ Sree/ জনাবা/ Sreemoti/ Mr/ Miss/ Mrs/ Advocate/ Hazi/ Al-Haj/ Engr/ Late/ Major/ Colonel/ Brigadier/ Dr/ Prof. ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA/ MCom/ MSc/ MSS/ BA/ BCom/ BSc/ BSS/ FRCS/ PHD/ FCPS/ Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না;

(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হালসন নাগাদ থাকতে হবে;

১১। **বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।**

১২। স্বীকৃতি বিহীন/ হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তী রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **'বিশেষ চাহিদাসম্পন্ন কি না'** তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৪। প্রত্যেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে।

১৫। যেসকল স্কুল, স্কুল ও কলেজ, কলেজ-এর নিম্নমাধ্যমিক পর্যায়ে হালনাগাদ পাঠদান/ একাডেমিক স্বীকৃতি/ স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সেসকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর পাঠদান/ একাডেমিক স্বীকৃতি/ স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-
**প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞাঁ**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ১০৪৮ (৮) তারিখ: ২৮/০৮/২০২৩

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৬। পিএস-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৭। অফিস কপি।

২৮/০৮/২০২৩

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।